

ওয়েস্টউড-ফেলানদের বাজি লিভারপুল

নেইমার-মঞ্চে নজরে হাল্যান্ড

এই সময়: চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোর ম্যাচ শুরু হয়ে যাচ্ছে আজ মঙ্গলবার। প্রথম দিনেই দুটি বড় ম্যাচ। গতবারের চ্যাম্পিয়ন লিভারপুল নামছে আতলেতির স্টেডিয়াম ওয়ান্ডা মেত্রোপোলিতানোয়। এই স্টেডিয়ামেই গতবার চ্যাম্পিয়ন হয়েছিল যুরগেন রুপের টিম।

এ রকম একটা ম্যাচ থাকা সত্ত্বেও অনেকেই তাকিয়ে বরফসিয়া উর্টমুন্ডের ম্যাচের দিকে। কারণ, উর্টমুন্ডের হলুদ-কালো বলমলে জার্সিতে প্রথমবার চ্যাম্পিয়ন্স লিগে দেখা যাবে আর্লিং ব্রাউট হাল্যান্ডকে। যে ১৯ বছরের স্ট্রাইকার গোলের বন্যা বইয়ে দিচ্ছেন। চ্যাম্পিয়ন্স লিগে গ্রুপ পর্যায়ে খেলেছিলেন অস্ট্রিয়ার সাল্জবুর্গের হয়ে। আটটি গোল করেছিলেন ছ'ম্যাচে। জানুয়ারির ট্রান্সফার উইন্ডোয় তিনি যোগ দেন উর্টমুন্ডে। নতুন ক্লাবের হয়ে বুদ্ধেশলিগা অভিষেকেই হ্যাটট্রিক করেন নরওয়ের উঠতি তারকা।

সোনি টিভিতে চ্যাম্পিয়ন্স লিগ ম্যাচে বিশেষজ্ঞ হিসেবে থাকেন আইএসএলে কোচিং করিয়ে যাওয়া দুই প্রাক্তন ফুটবলার— অ্যাশলি ওয়েস্টউড এবং টেরি ফেলান। দু'জনেই তাকিয়ে হাল্যান্ডের দিকে। ওয়েস্টউডের মন্তব্য, 'দুরন্ত ফর্মে রয়েছে ছেলেটা। কোয়ার্টার ফাইনাল পর্যন্ত খেললে টপ স্কোরার হতেই পারে।' এই মরসুমে চ্যাম্পিয়ন্স লিগে সবচেয়ে বেশি গোল বায়ার্ন মিউনিখের রবার্ট লেবানডস্কির (১০)। উর্টমুন্ডের হাল্যান্ডের সঙ্গে তাঁর দ্বৈরথ জমে যাবে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। প্রাক্তন



উর্টমুন্ডে প্রাক্তিস হাল্যান্ডের —এএফপি

এটিকে কোচ ওয়েস্টউডের ব্যাখ্যা, 'অনেকে মনে করেছিল, উর্টমুন্ডে এসে ও কী রকম খেলবে। অথচ প্রথম ম্যাচ থেকেই ফর্মে হাল্যান্ড। ওর গতি দুর্দান্ত। ভালো ফর্মে আছে। আর এখন অনেক বেশি আত্মবিশ্বাসীও।'

কেরালা ব্লাস্টার্সের প্রাক্তন কোচ ফেলানের কথায়, 'আমি ভেবেছিলাম হাল্যান্ড হয়তো ম্যাঞ্চেস্টার ইউনাইটেড, রিয়াল মাদ্রিদের মতো আরও বড় ক্লাবে আসবে। কিন্তু ও উর্টমুন্ডে গিয়েই দারুণ সফল। ওর দিকে নজর রাখতেই হবে।' শুধু হাল্যান্ড নয়, এই মুহূর্তে উর্টমুন্ডে ভালো ফর্মে জ্যাডন স্যাঙ্কোও। তাই মঙ্গলবার রাতে প্যারিস সাঁ জার জন্য যথেষ্ট চ্যালেঞ্জ থাকছে। শুধু ওয়েস্টউড মনে

করিয়ে দিলেন, 'নেইমারের মতো প্লেয়ার টিমে থাকলে যে কোনও সময় ম্যাচের রং পাল্টে যেতে পারে। আমি কিন্তু শেষ ষোলোয় পিএসজিকেই জয়ী ধরছি। আমার ধারণা সেমিফাইনালেও যাবে পিএসজি।'

অন্য দিকে, লিভারপুলের সেমিফাইনাল যাওয়া নিয়ে কোনও সংশয় দেখছেন না আইএসএলের এই দুই প্রাক্তন কোচ। ওয়েস্টউডের কথায়, 'অসাধারণ ফর্মে আছে টিমটা। গোলকিপার ছাড়া খুব বড় চোট হয়নি। প্লেয়ার সুস্থ থাকলে ওদের বড় সুযোগ আছে সেমিফাইনালে যাওয়ার।' এই প্রসঙ্গে ফেলানের মত, 'রিয়াল মাদ্রিদ সম্প্রতি টানা তিনবার চ্যাম্পিয়ন্স লিগ জিতেছে। প্রিমিয়ার লিগে লিভারপুল এখনও যে ফর্মে খেলছে তাতে ওদেরও পরপর দু'বার না জেতার কোনও কারণ দেখছি না।'

ফেলানের মতে, চ্যাম্পিয়ন্স লিগ জেতার সবচেয়ে বড় ফেভারিট লিভারপুলই। ওয়েস্টউডও সেমিফাইনালের যে চার টিম বাছলেন সেখানে প্রথমেই লিভারপুল। বললেন, 'লিভারপুল ছাড়া সেমিফাইনালের বাকি তিন টিম হতে পারে ম্যাঞ্চেস্টার সিটি, বার্সেলোনা ও পিএসজি।'

চ্যাম্পিয়ন্স লিগে

আতলেতিকো মাদ্রিদ : লিভারপুল

উর্টমুন্ড : পিএসজি



রাত ১-৩০ সরাসরি
সোনি টেন টু, সোনি
ইএসপিএনে